

আজ আনন্দ মিছিল
বিশ্ববিদ্যালয়ের
র্যাংকিংয়ে দেশ
সেরা শাবি

শাবি প্রতিনিধি

শিক্ষা ও গবেষণায় বাংলাদেশে
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় প্রথম অবস্থানে রয়েছে।
বিশ্ব র্যাংকিংয়ে এর অবস্থান ২৪০০।
বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ড.
আমিনুল হক ভূঁইয়া এ তথ্য নিশ্চিত
করেছেন। এ উপলক্ষে আজ বুধবার
ব্যাপ্সাসে একটি আনন্দ মিছিলের
আয়োজন করা হয়েছে। স্পেনডিতিক
বিশ্বের স্বনামধন্য রিসার্চ প্রতিষ্ঠান
www.webometrics.info
শাবি : পৃষ্ঠা ৭ : কলাম ৬

শাবি সেরা
(৩য় পৃষ্ঠার পর)

ওয়েবসাইটের ওপর ভিত্তি করে এ জরিপ
চালিয়েছে। তাদের নিজস্ব ওয়েবসাইটে
বাংলাদেশসহ বিশ্বের নানান দেশে অনেক
বিশ্ববিদ্যালয়ের ডায়ালগ, তারা প্রকাশ
করেছে। এ তালিকায় বিশ্ববিদ্যালয়গুলোর
সহো দ্বিতীয় স্থানে রয়েছে বাংলাদেশ
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এছাড়া
বাংলাদেশের সরকারি ও বেসরকারি ১৭টি
বিশ্ববিদ্যালয়ের নাম ওই তালিকায়
রয়েছে। উল্লেখ্য, ২০০৮ সালে
ব্যক্রোপেগে শাহজালাল বিশ্ববিদ্যালয়
জাতীয়ভাবে প্রধানমন্ত্রীর পুরস্কার অর্জন
করে। ২০১০ সালে যুক্তাফেনের মাধ্যমে
বাংলাদেশে সর্বপ্রথম শাবিতে ডিজিটাল
পদ্ধতিতে ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করা হয়।
২০১২ সালে যুক্তপরাধীদের বিচার দাবিতে
বিশ্বের দীর্ঘতম আন্দোলন একে গিনেস বুক
অব ওয়ার্ল্ডে জায়গা করে নেয় শাহজালাল
বিশ্ববিদ্যালয়। ২০১৩ সালে জনপ্রিয় সার্চ
ইঞ্জিন গুগলের আদলে শাহজালাল
বিশ্ববিদ্যালয় ও ডিপআইটির যৌথ
উদ্যোগে তৈরি করে প্রথম সার্চ ইঞ্জিন
পিপীলিকা। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের
ডিন অধ্যাপক ড. আমিনুল হক ভূঁইয়া
বলেন, আমি সত্যিই অভিভূত। এ অর্জন
সবার। শাবিকে অনন্য উচ্চতায় নিয়ে
যেতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও
কর্মচারী সবারই প্রাণান্তকর চেষ্টায় দেশ
সেরায় পৌঁছেছে এ প্রতিষ্ঠানটি। এর
ধারাবাহিকতা অটুট রাখতে তিনি সবার
সহযোগিতা কামনা করেন।